

PRINT

সমকাল

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে মিডিয়া অ্যান্ড ইনফরমেশন লিটারেসি সপ্তাহ

১২ ঘণ্টা আগে

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ইনফরমেশন স্টাডিজ অ্যান্ড লাইব্রেরি ম্যানেজমেন্ট বিভাগের উদ্যোগে 'গ্লোবাল মিডিয়া স্টাডিজ অ্যান্ড ইনফরমেশন লিটারেসি' সপ্তাহ উদয়াপন করা হয়েছে। প্রতিবছর অক্টোবর মাসে ইউনিস্কোর উদ্যোগে সারা বিশ্বে এটি পালন করা হয়। এ বছর ২৪-৩১ অক্টোবর 'মিডিয়া অ্যান্ড ইনফরমেশন লিটারেসি' সপ্তাহ পালন করা হয়। সপ্তাহব্যাপী অনুষ্ঠানের ধারাবাহিকতায় গত ৩০ অক্টোবর রাজধানীর আফতাবনগরে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে সেমিনার অনুষ্ঠিত হয়। এতে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ইউনিস্কোর বাংলাদেশ প্রতিনিধি বেট্রিচ কালডন। প্রধান অতিথি ছিলেন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বেঙ্গাড়ের চেয়ারপারসন ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ড. মোহাম্মদ ফরাসউদ্দিন, বিশেষ অতিথি ছিলেন ব্রিটিশ কাউন্সিল বাংলাদেশের লাইব্রেরিস আনলিমিটেড প্রকল্পের পরিচালক ক্রিস্টি ক্রেফোর্ড। সংবাদ বিজ্ঞপ্তি।

© সমকাল 2005 - 2018

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি। প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮। ফোন : ৮৮৭০১৭৯-৮৫, ৮৮৭০১৯৫, ফ্যাক্স : ৮৮৭০১৯১, ৮৮৭৭০১৯৬,
বিজ্ঞাপন : ৮৮৭০১৯০। ইমেইল: info@samakal.com

